www.isaaa.org
www.bdbic.org
bdbic@googlegroups.com
info@isaaa.org

ISAAA

# বায়োটেক ফসলের বর্তমান অবস্থা

**ISAAA এর "ফসল জৈবপ্রযুক্তির বিশ্ব জ্ঞান কেন্দ্র" কর্তৃক রচিত উন্নয়নশীল দেশের কৃষি-জৈবপ্রযুক্তি উদ্ভাবনের বিশ্ব পরিস্থিতির সারাংশ।**

জুন ২৩, ২০০৬

## এ সংখ্যার শিরোনাম


| | | | |
|---|---|---|---|
| খবর | বিশ্ব | - গম গবেষণার ফলাফল পেপারে উপস্থাপন | |
| | আফ্রিকা | - কেনিয়ার কৃষক ও সংসদের সদস্যদের বিটি তুলা বের করার চাহিদা | |
| | এশিয়া | - ফিলিপিইনের ম্যানিলাতে বায়োটেক শস্যের বাণিজ্যিকিকরন নিয়ে আলোচনা | - ভারতে বিটি তুলার মাঠের ঘাষ কর্তৃক ভেড়ার মৃত্যুতে GEAC এর সাড়া |
| | | - মালোয়েশিয়ায় বায়োটেকের অগ্রগতি | |
| | আমেরিকা | - ইউরোপ কৃষি বায়োটেক প্রকল্পের ঘোষণা | |
| বিজ্ঞপ্তি | | - FOSSNA কর্তৃক আফ্রিকান স্নাতকোত্তর ছাত্রদের সাহায্য | - অষ্ট্রেলিয়ার মেলবোর্নে কৃষি জৈবপ্রযুক্তি আন্তর্জাতিক কনফারেন্স |
| | | - আন্তর্জাতিক শস্য কনফারেন্স ও প্রদর্শন | |
| স্মারক বস্তুর দলিল | | - CIAT কর্তৃক নতুন দলিল প্রকাশ | |
| জৈবপ্রযুক্তি তথ্যকেন্দ্র (BICs) | | - বাংলাদেশে বায়োটেকর উপর সেমিনার | |


## খবর

### বিশ্ব

#### গম গবেষণার ফলাফল পেপারে উপস্থাপন

সম্প্রতি বিজ্ঞানীরা আন্তর্জাতিক ভূট্টা ও গম উন্নয়ন কেন্দ্র (CIMMYT) থেকে গম গবেষণার উপর আর্টিকেল প্রকাশ করেন। এ আর্টিকেল জার্নাল অব এগ্রিকালচারাল সায়েন্স এর সেনটেনারী রিভিউতে প্রকাশ করা হয়। আর এ আর্টিকেল লিখেন CIMMYT এর গম নিয়ে গবেষণাকারী বিশিষ্ট বিজ্ঞানী Mathew Reynolds and Nobel Peace Prize Laureate Norman Borlaug। এ রিভিউতে আন্তর্জাতিক গম গবেষণার খসড়া ইতিহাস লেখা হয়। গম গবেষণার ফলে যে উৎপাদন বেড়েছে এবং ষ্ট্রেস সহিষ্ণু গম উৎপাদনের ব্যাপারেও কথা বলা হয়েছে। এর ফলে গরীব কৃষকদের গম উৎপাদন খরচ কমেছে এবং খাদ্য নিশ্চয়তা অনেকটা বেড়েছে। বিস্তারিত: **http://www.cimmyt.org**

### আফ্রিকা

#### কেনিয়ার কৃষক ও সংসদের সদস্যদের বিটি তুলা বের করার চাহিদা

কেনিয়ার আট মিলিয়ন কৃষকের পক্ষ থেকে প্রতিনিধিবর্গ সরকারকে বিটি তুলা বের করার জন্য চাপ দিয়েছে। কেনিয়ার কৃষি গবেষণাকৃষক ও সসদের সদস্যদের বিটি তুলা বের করার জন্য চাপ দিয়েছে। কেনিয়ার কৃষি গবেষণা প্রতিষ্ঠান (KARI) বর্তমানে বিটি তুলার মাঠ পরীক্ষা চালাচ্ছে। কেনিয়ার কষক ও গবেষকরা জৈবপ্রযুক্তি নীতি ও জৈবনিরাপত্তা আইনের ধীরগতির জন্য হতাসাগ্রস্ত হয়ে পড়েছেন। এ দুটি দলিল বর্তমানে সরকারের টেবিলে আলোচনার মধ্যে রয়েছে এবং তা অনুমোদন হতে কিছু সময় লাগবে। তবে মন্ত্রিপরিষদ কৃষকদের আশ্বাস দিয়েছেন যে, অল্প কিছু দিনের মধ্যে জৈব প্রযুক্তিনীতি ও জৈবনিরাপত্তা আইন সংসদে পাশ হবে। এছাড়া মন্ত্রিরা কৃষকদের আরও বলে যে, নতুন প্রযুক্তি প্রয়োগের ফলে তুলা খাতে যে, পরিবর্তন আসবে তাতে শুধু কৃষকেরা উপকৃত হবে না দেশও উপকৃত হবে। বিস্তারিত: **Email: dotunge@absfafrica.org**

### এশিয়া

#### ফিলিপিইনের ম্যানিলাতে বায়োটেক শস্যের বাণিজ্যিকিকরন নিয়ে আলোচনা

ল্যাটিন আমেরিকা এশিয়ার উন্নয়নশীল দেশের প্রতিনিধিবর্গ ভারত ও ফিলিপাইনের কাছ থেকে বায়োটেক শস্যের বাণিজ্যিকিকরনের অভিজ্ঞতা অর্জনের জ্য ফিলিপাইনের রাজধানী ম্যানিলাতে একত্রিত হয়। এশিয়অর দুইটি দেশ ভারত ও ফিলিপাইন (চীন হতে চলেছে) যেখানে কষকেরা ট্র্যাসজেনিক শস্য বিশেষ করে বিটি তুলা ও বিটি ভূট্টা চাষাবাদ করছে। এ প্রশিক্ষন ওয়ার্কশফ-এ বিভিন্ন ব্যক্তিগত খাত থেকে অভিজ্ঞ ব্যক্তিবর্গ পাবলিক গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠানের বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং বিভিন্ন একাডেমিক প্রতিষ্ঠান থেকেও অনেকে অংশগ্রহন করেন। বিস্তারিত: **Email: andrew.powell@asiabiobusiness.com**

#### ভারতে বিটি তুলার মাঠের ঘাষ কর্তৃক ভেড়ার মৃত্যুতে GEAC এর সাড়া

ভারতের জীন প্রকৌশল অনুমোদন কমিটি (GGenetic Engineering Approval Committee (GEAC) Center for Sustainable Agriculture (CSA) হতে প্রাপ্ত রিপোর্ট গ্রহন করেছেন। এ রিপোর্টে বলা হয় বিটি তুলা জন্মানো মাঠের গাষ খেয়ে অনেক ভেড়া মারা গেছে। কিন্তু GAEC তা সহজে মেনে না নিয়ে তারা বলেছেন এটি গবেষণা করে দেখা হবে। কারন এর আগে কিছু পশুকে বিটি ঘাষ খাওয়ানোর ফলে তাদের কোন ক্ষতি হয়নি। শুধু তাই নয়। মাঠের ক্ষেত্রে এ পরীক্ষা করা হয় এবং এর ফলে তেমন কোন বিরূপ প্রভাব পাওয়া যায়নি। বিস্তারিত: **b.choudhary@isaaa.org**

#### মালোয়েশিয়ায় বায়োটেকের অগ্রগতি

মালেয়েশিয়া আঞ্চলিক জৈবপ্রযুক্তির কাজকর্মের কেন্দ্রস্থলে পরিনত হওয়ার জন্য সাগ্রহে আকাংখা প্রকাশ করেছে। বিশেষ করে জাতীয় জৈবপ্রযুক্তি নীতির মাধ্যমে কৃষি ভিত্তিক জৈবপ্রযুক্তি। আর এটি তিনটি পর্যায়ে ২০২০ সালের মধ্যে বাস্তবায়ন করা হবে। বিস্তারিত: **Email: maha@bic.org.my**

## ইউরোপ

### ইউরোপ কৃষি বায়োটেক প্রকল্পের ঘোষণা

ইউরোপ সম্প্রতি দুইটি নতুন কৃষি জৈবপ্রযুক্তি প্রকল্প শুরু হতে যাচ্ছে। AGRON-OMICS হল একটি উদ্ভিদ গবেষণা প্রতিষ্ঠান যা পরিচালিত হয় Interuniversity Institute for Biotechnology (VIB) ও Ghent বিশ্ববিদ্যালয় কর্তৃক। প্রকল্পের জন্য ইউরোপীয় কমিশন ১২ মিলিয়ন দান করবে। জার্মান ফেডারেল শিক্ষা ও গবেষণা মন্ত্রনালয় (BMBF) ও এর সাথে জড়িত থাকবে এবং তারা গবেষণার জন্য কাচামাল সরবরাহ করবে। এ প্রকল্পের মূল লক্ষ্য ও উদ্দেশ্য হল ব্রিডিং ও জীন প্রকৌশলের জন্য উদ্ভিদকে উপযুক্ত (Optimize) করা। বিস্তারিত: http://www.bio-pro.de/en/life/meldungen/02288/index.html

## বিজ্ঞপ্তি

### FOSSNA কর্তৃক আফ্রিকান স্নাতকোত্তর ছাত্রদের সাহায্য

আফ্রিকার জন্য খাদ্যে বিজ্ঞান ও পুষ্টি নেটওয়ার্ক (FOSSNA) আফ্যিকার দশজন স্নাতকোত্তর ছাত্রকে খাদ্য বিজ্ঞান ও পুষ্টি নিয়ে গবেষণার জন্য বাছাই করেছে। এ দশজন ছাত্রকে FOSSNA গবেষণার জন্য আর্থিক ও ল্যাবরেটরী সুবিধাসহ অন্যান্য সুবিধা প্রদান করবে। বিস্তারিত: http://www.fosnna.org

### অষ্ট্রেলিয়ার মেলবোর্নে কৃষি জৈবপ্রযুক্তি আন্তর্জাতিক কনফারেন্স

কৃষি জৈবপ্রযুক্তি আন্তর্জাতিক কনফারেন্স আগষ্ট মাসের ৬-৯ তারিখ, ২০০৬ অষ্ট্রেলিয়ার ভিক্টোরিয়ান সরকার ও Aus Biotech কর্তৃক এটি আয়োজিত হবে। এ কনফারেন্স এর মূল লক্ষ্য ও উদ্দেশ্য হল কৃষি জৈবপ্রযুক্তির স্থায়িত্ব খুলে দেয়া। বিস্তারিত: http://www.bic.org.my

### আন্তর্জাতিক শস্য কনফারেন্স ও প্রদর্শন

আন্তর্জাতিক শস্য বিজ্ঞান কনফারেন্স ও প্রদর্শন ২০০৬ সালের জুলাই মাসের ২৭-২৮ তারিখে থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিত হবে। এর সারমর্ম হল "কৃষি রাসায়নিক ও বায়োটেক শিল্পের Post WTO Era"-এ কনফারেন্স ভবিষ্যত ধারা ও কৃষি রাসায়নিক ও জৈবপ্রযুক্তি শিল্প Post WTO Era"- তে কৌলিতাত্ত্বিক কৃষি রাসায়নিক পদার্থেও ভূমিকা; কৃষিতে জিএম শস্যেও ভূমিকা, বহুপার্শ্বীয় বাণিজ্যেও অগ্রগতি ইত্যাদি নিয়ে আলোচনা করা হবে। বিস্তারিত: http://www.pmfai.org

## স্মারক বস্তুর দলিল

### CIAT কর্তৃক নতুন দলিল প্রকাশ

গাইড সিরিজে International Center for Tropical Agriculture (CIAT) নতুন দলিলপত্র প্রকাশ করেছে। এতে স্থান পেয়েছে, কৌশলগত পত্র: গ্রামীন কৃষি এন্টারপ্রাইজ উন্নয়নে পার্টিশিপেটরী ও কৃষিভিত্তিক এপ্রোচ। এছাড়া পার্টিশিপেটরী কৃষি এন্টারপ্রাইজ উন্নয়ন মার্কেট সহায়িকাও এতে স্থান পেয়েছে। বিস্তারিত: http://www.ciat.cgiar.org/agroempresas/ingles/index.htm

## জৈবপ্রযুক্তি তথ্য কেন্দ্র (BICs)



### বাংলাদেশে বায়োটেকর উপর সেমিনার

বাংলাদেশ বৈজ্ঞানিক সম্প্রদায় এবং এর সরকারকে জৈবনিরাপত্তা ও জৈবপ্রযুক্তির গাইড লাইন ও অন্যান্য দলিল যা মাঠ পর্যায়ে জিএম শস্যেও জন্য দরকার তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপগ্রহন করা দরকার। BINA-তে অনুষ্ঠিত এক সেমিনাওে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপচার্য প্রফেসর ডঃ মোহাঃ ইমরুল ইসলাম এ কথা বলেন। BINA-তে সম্প্রতি অনুষ্ঠিত সেমিনাওে তিনি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ সেমিনারের শিরোনাম ছিল "ক্ষুধা ও অপুষ্টি উপশমে ট্রান্সজেনিক শস্য"। এ সেমিনারের অন্যান্য বক্তাদেও মধ্যে ছিলেন দক্ষিন এশিয়া জৈবনিরাপত্তা কর্মসূচীর (SABP) কান্ট্রি সমন্বয়ক প্রফেসর ডঃ মোঃ ইমদাদুল হক, যিনি ISAAA and SABP এর উপর সংক্ষিপ্ত বিবরনী ও বাংলাদেশে এর প্রভাব আলোচনা করেন। কর্ণেল বিশ্ববিদ্যালয়ের Dr. Craig A. Meisner তিনি Papaya Ring Spot Virus (PRSV) প্রতিরোধ ট্রান্সজেনিক পেঁপে উন্নয়নের ইতিহাস এবং উন্নয়নশীল দেশের জন্য এর প্রভাব নিয়ে আলোজনা করেন। এছাড়াও জার্মানীর Hannover বিশ্ববিদ্যালয়ের Prof. Dr. Hans Joerg Jacobsen, ঢাকা বিশ্ববিদ্যালয়ের Dr. M. A. S. Islam এবং ছাত্র, শিক্ষক ও প্রাইভেট সেক্টর থেকে প্রায় ১৫০ জনপ্রতিনিধিবর্গও উপস্থিত ছিলেন। এ সেমিনারের আয়োজক ISAAA and BBL। বিস্তারিত: http://www.bdbic.org


**ISAAA ( International Service for the Acquisition of Agri-biotech Applications)**

*Bangla*Centre, c/o CIMMYT BD, Hse18, Rd4, Sec4, Uttara, Dhaka1230, Bangladesh• Phone +88028916929 ext. 122 • Fax ext. 115 • k.nasiruddin@isaaa.org
*SEAsia*Center, c/o IRRI, DAPOBox 7777, Metro Manila, Philippines • Ph +63-2-580-5600 • Fax 580-5600 • Telfax 49-536-7216 • R.Hautea@isaaa.org
*Ameri*Center, 417 Bradfield Hall, Cornell University, Ithaca, NY 14853, USA •Phone +1-607-255 1724 • Fax 255 1215 • Americenter@isaaa.org
*Afri*Center, CIP/ILRI, PO Box 25171, Nairobi, Kenya • Phone +254-20-630 743 ext. 3261• Fax 630-005/631-599 • S.Wakhusama@cgiar.org

www.bdbic.org: বাংলাদেশ বায়োটেকনোলজি তথ্য কেন্দ্র কর্তৃক সকলের ব্যবহারের জন্য ওয়েব
www.isaaa.org: ISAAA সম্পর্কে সকল তথ্য, Crop Biotech Update: বায়োটেক ফসলের বিশ্ব পরিস্থিতির ওয়েব
www.agbios.com: কৃষি বায়োটেকনোলজির ওয়েব, নিউজলেটারে বাংলাদেশের জন্য পৃথক সেকশন রয়েছে
bdbic@googlegroups.com: বাংলাদেশ বায়োটেকনোলজি তথ্য কেন্দ্র কর্তৃক সকলের ব্যবহারের জন্য গ্রুপ মেইল
info@isaaa.org: ISAAA যেকোন তথ্য বা প্রকাশনার জন্য